

টাইমস হায়ার এডুকেশন র্যাকিংয়ে ২০০ ধাপ এগিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়

চাবি প্রতিনিধি

০৯ অক্টোবর ২০২৫, ০৭:১৬ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল। ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যভিত্তিক খ্যাতনামা শিক্ষা সাময়িকী ‘টাইমস হায়ার এডুকেশন’ (টিএইচই) ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র্যাকিং ২০২৬ প্রকাশ করেছে। এ বছর বিশ্ব র্যাকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় (চাবি) ৮০১ থেকে ১০০০ এর মধ্যে অবস্থান করে আগের বছরের তুলনায় ২০০ ধাপ এগিয়েছে।

গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ছিল ১০০১ থেকে ১২০০-এর মধ্যে। একই সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে বাংলাদেশের সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে স্থান ধরে রেখেছে।

আজ বৃহস্পতিবার টাইমস হায়ার এডুকেশনের অফিসিয়াল ওয়েবসাইটে এই তথ্য প্রকাশ করা হয়। র্যাকিংয়ে বিশ্বের বিভিন্ন দেশের মোট ৩ হাজার ১১৮টি বিশ্ববিদ্যালয় স্থান করে নিয়েছে। শিক্ষা, গবেষণার পরিবেশ, গবেষণার মান, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি ও শিল্পক্ষেত্রের সঙ্গে সহযোগিতা সূচকের ওপর ভিত্তি করে র্যাকিং করা হয়েছে।

সূচকভিত্তিক অগ্রগতি

গবেষণার পরিবেশ সূচকে আগের বছরের তুলনায় ৩ পয়েন্ট অগ্রগতি ($10.3 \rightarrow 13.3$) হয়েছে। গবেষণার মান সূচকে ৯.৩ পয়েন্ট অগ্রগতি ($67.2 \rightarrow 76.5$) হয়েছে। শিল্পক্ষেত্রের সঙ্গে সহযোগিতা সূচকে 11.8 পয়েন্ট অগ্রগতি ($21.8 \rightarrow 33.2$) হয়েছে। শিক্ষা সূচকে বর্তমান পয়েন্ট: ১৭.৭ এবং আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি সূচকে পয়েন্ট: ৪৫।

বিশ্ব র্যাকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান উন্নয়নের লক্ষ্যে ১৬ সদস্যের একটি কমিটি দীর্ঘদিন ধরে কাজ করছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সার্বিক দিক-নির্দেশনায় এই কমিটি কাজ করছে। এই কমিটিতে আহ্বায়ক হিসেবে আছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যাম্পেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

কমিটির বাকি সদস্যরা হলেন প্রো-ভাইস চ্যাম্পেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, তথ্য প্রযুক্তি ইনসিটিউটের পরিচালক অধ্যাপক ড. বি এম মইনুল হোসেন, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেলের পরিচালক অধ্যাপক ড. মোসাদেক হোসেন কামাল, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনসিটিউটের অধ্যাপক ড. সৈয়দ শাহাদৎ হোসেন, সমাজকল্যাণ ও গবেষণা ইনসিটিউটের অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম, ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সামসাদ মর্তুজা, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. রাকিবুল ইসলাম, গণিত বিভাগের অধ্যাপক ড. মো. শরীফ উল্ল্যাহ মজুমদার, পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. জাফর আহমেদ খান, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব, অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক মো. রাশেদুর রহমান, আইসিটি সেলের কম্পিউটার প্রোগ্রামার মো. সাদিক সরোয়ার ও ডেপুটি রেজিস্ট্রার রাজিব মাহমুদ সামিম পারভেজ।

এদিকে, এই সাফল্যের জন্য উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানান।

উল্লেখ্য, যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) র্যাকিংয়েও দেশসেরা ঢাকা বিশ্ববিদ্যালয়। এ ছাড়া কিউএস র্যাকিংয়ে বিশ্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৫৮৪তম।